



জাতীয় বিশ্ববিদ্যালয় বাংলাদেশ

ফোন: ৯৯৬৬৯১৫১৬
ফ্যাক্স: ৯৯৬৬৯১৫০৭

সূত্র নং-০১(৩১৫) জাতীঃ বিঃ/প্রশাঃ/৯৪(অংশ-২)/১/৩৪২

তারিখ: ২৩শে শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
০৭ই আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

অধ্যক্ষ
অধিভুক্ত কলেজ/প্রতিষ্ঠান সমূহ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের অংশ হিসেবে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থীদের মধ্যে “বঙ্গবন্ধু ও বাংলাদেশ” বিষয়ে নিম্নলিখিত প্রতিযোগিতার আয়োজন করেছে।

প্রতিযোগিতার বিষয় সমূহঃ

ক. রচনা (সর্বোচ্চ ২০০০ শব্দ)

খ. স্ব-রচিত কবিতা

গ. চিত্রাংকন (A3 সাইজ, ২৯সে.মিx৪২সে.মি) উন্মুক্ত মাধ্যম সাদা-কালো অথবা রঙ্গিন

আপনার প্রতিষ্ঠানের আগ্রহী শিক্ষার্থীদেরকে প্রতিযোগিতায় অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উদ্দেশ্য :

১. রচনা, স্ব-রচিত কবিতা ও চিত্রাংকন এর ডকুমেন্টসমূহ P.D.F আকারে স্ব-স্ব প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান-এর মাধ্যমে E-mail: registrar@nu.edu.bd এ ১৮.০৮.২০২২ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।
২. নির্বাচিত রচনা, স্ব-রচিত কবিতা ও ছবির মূলকপি প্রদর্শনী ও পুরস্কার বিতরণের পূর্বে বিশ্ববিদ্যালয়ে অবশ্যই প্রেরণ করতে হবে।
৩. রচনা, স্ব-রচিত কবিতা ও ছবি ই-মেইলে পাঠানোর সময় প্রচ্ছদ পৃষ্ঠায় প্রতিযোগীর নাম, প্রতিষ্ঠানের নাম, বিভাগ, বর্ষ, রেজিস্ট্রেশন নম্বর ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

নির্দেশক্রমে

(মোস্তা মাহফুজ আল-হোসেন)

রেজিস্ট্রার

জাতীয় বিশ্ববিদ্যালয়

০১৭১১৮৮৯৯৬৯

e-mail: registrar_nu92@yahoo.com

সূত্র নং- ০১(৩১৫) জাতীঃ বিঃ/প্রশাঃ/৯৪(অংশ-২)/১/৩৪২

তারিখ: ২৩শে শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
০৭ই আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রকাশ এবং মাস ই-মেইলের মাধ্যমে অধিভুক্ত সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষগণকে জানানোর জন্য অনুরোধ করা হলো)
৩. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. অফিস কপি।

সুব্রত সাহা

উপ-রেজিস্ট্রার

প্রশাসন জেনারেল